

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
১১২, সার্কিট হাউজ রোড, ঢাকা।

নং-১৫.৫৭.০০০০.০০১.৩৫.০১৫.১৬/ ৫৫৫৬


তারিখ: ১২ অগ্রহায়ণ ১৪২৪
২৬ নভেম্বর ২০১৭

বিষয় : জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ ইউনেস্কোর “মেমোরি অব দ্য ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল রেজিস্টার” এ অন্তর্ভুক্তির মাধ্যমে ‘বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য’র স্বীকৃতি লাভ করায় এ অসামান্য অর্জনকে যথাযথভাবে উদ্‌যাপন উপলক্ষে ডিএফপি’র কার্যক্রম।

সূত্র: তথ্য মন্ত্রণালয়ের স্মারক নং ১৫.০০.০০০০.০১৫.০৯.০০৪.১৭.৪৪০, তাং ২৩ নভেম্বর ২০১৭

সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উপর্যুক্ত বিষয়ে ২৫শে নভেম্বর ২০১৭ তারিখে বাস্তবায়িত এ অধিদপ্তরের কার্যক্রম নিম্নরূপ:

- ১) ডিএফপি ও বিএফডিসি’র গেটে ৮ x ১২ ফুট সাইজের ০২ (দুই)টি ডিজিটাল ডিসপ্লে বোর্ডে বঙ্গবন্ধু’র ৭ই মার্চের ভাষণ ও প্রামাণ্যচিত্র ২৫-২৭ নভেম্বর ২০১৭ তারিখ পর্যন্ত প্রদর্শন করা হচ্ছে;
- ২) ৬ x ১৫’, ৪ x ১২’ ও ১ x ১২’ ফুট সাইজের ০৩ (তিন)টি ব্যানার এবং ৫০টি ফেস্টুন নিয়ে ২৫ নভেম্বর ২০১৭ তারিখে সোহরাওয়ার্দী উদ্যানের উদ্দেশে ‘আনন্দ শোভাযাত্রা’য় অংশগ্রহণ করা হয়েছে;
- ৩) আর্ট পেপারে ৫,০০০ বাংলা পোস্টার তৈরি করে গণযোগাযোগ অধিদপ্তরে প্রচারের জন্য প্রেরণ করা হয়েছে;
এছাড়া,
- ৪) ৪,০০,০০০ বাংলা পোস্টার বিজি প্রেসের মাধ্যমে মুদ্রণ করে সারাদেশে প্রচারের জন্য গণযোগাযোগ অধিদপ্তরে প্রেরণ করা হবে;
- ৫) বঙ্গবন্ধু’র ৭ই মার্চের ভাষণ আরও আধুনিক করে ইংরেজি ভাষায় একটি প্রামাণ্যচিত্র এবং আর্ট পেপারে ৫,০০০ ইংরেজি পোস্টার তৈরি করে বাংলাদেশ মিশনসমূহের মাধ্যমে বহির্বিশ্বে প্রচারের জন্য বহিঃপ্রচার অণুবিভাগে প্রেরণ করা হবে; এবং
- ৬) বঙ্গবন্ধু’র ৭ই মার্চের ভাষণের ওপর ইংরেজি ভাষায় একটি পুস্তিকা তৈরি করে বাংলাদেশ মিশনসমূহের মাধ্যমে বহির্বিশ্বে প্রচারের জন্য বহিঃপ্রচার অণুবিভাগে প্রেরণ করা হবে।


মোহাম্মদ ইসতাক হোসেন
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
ফোন: ৮৩৩১০৩৪।

সচিব
তথ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।
[দৃঃআঃ উপ-সচিব, প্রশাসন-২ অধিশাখা]